

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং-০৩

তারিখঃ

ভাদ্র ০১, ১৪১৪
আগষ্ট ১৬, ২০০৭

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

২০০৭-২০০৮ অর্থ বছরে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করিবার লক্ষ্যে সরকার কর্তৃক পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি অর্থ বছরেও (২০০৭-২০০৮) অর্থাৎ জুলাই ০১, ২০০৭ তারিখ হইতে জুন ৩০, ২০০৮ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যসমূহের রপ্তানির ক্ষেত্রে নীট এফওবি মূল্যের উপর নিম্নোক্ত হারে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা পরিশোধ্য হইবে :-

১) দেশীয় বস্ত্র - ৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ৯, তারিখ মার্চ ০৫, ২০০১, এফ,ই সার্কুলার নং ০৭, তারিখ জুন ০৩, ২০০৩, এফ,ই সার্কুলার নং ১৩, তারিখ আগষ্ট ০৩, ২০০৫ ও এফ,ই সার্কুলার নং ০৬, তারিখ আগষ্ট ১৪, ২০০৬ এবং সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১/২০০৩-৩২৮, তারিখ ডিসেম্বর ২৮, ২০০৩ ও সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১/২০০৪-১৬৪, তারিখ মার্চ ১৫, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকিবে।

২) হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ - ১০%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ২৩, তারিখ ডিসেম্বর ১২, ২০০২, এফ,ই সার্কুলার নং ০৬, তারিখ জুন ০৬, ২০০৫ ও এফ,ই সার্কুলার নং ০৬, তারিখ আগষ্ট ১৪, ২০০৬ এবং সার্কুলার পত্র নং-৫৯১, তারিখ মে ১৮, ২০০৩, সার্কুলার পত্র নং ৬৬১, তারিখ জুন ০৩, ২০০৩, সার্কুলার পত্র নং ২০৬, তারিখ নভেম্বর ১২, ২০০৩ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৩) চামড়াজাত দ্রব্যাদি - ১৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ০৯, ১১, ১৭, ১৯, ২৪, ০৬ এবং ০৬ তারিখ যথাক্রমে এপ্রিল ১৭, ২০০০, মে ০৮, ২০০০, সেপ্টেম্বর ১৯, ২০০০, অক্টোবর ১৮, ২০০০, ডিসেম্বর ০৬, ২০০০, জুন ০৬, ২০০৫ এবং আগষ্ট ১৪, ২০০৬ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৪) হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়া হাতে তৈরী পণ্য - ১৫% হতে ২০%। হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়া হাতে তৈরী পণ্য উৎপাদনে দেশে উৎপাদিত কাঁচামাল ৮০% এর উর্ধ্ব ব্যবহৃত হইলে প্রত্যাবাসিত নীট এফওবি মূল্যের ২০% এবং দেশে উৎপাদিত কাঁচামাল ৫০% এর উর্ধ্ব

চলমান পাতা - ০২

ব্যবহৃত হইলে ১৫% হারে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান করা যাইবে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ২৬, ১০, ০৬ ও ০৬, তারিখ যথাক্রমে ডিসেম্বর ১২, ২০০২, নভেম্বর ২২, ২০০৪, জুন ০৬, ২০০৫ ও আগষ্ট ১৪, ২০০৬ এবং সার্কুলার পত্র নং ৫৪০ ও ৮৮৫, তারিখ যথাক্রমে জুলাই ২৫, ২০০৪ ও ডিসেম্বর ২৩, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৫) কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য - ২০%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ১৫ ও ০৮, তারিখ যথাক্রমে অক্টোবর ০৬, ২০০৫ ও আগষ্ট ২৪, ২০০৬ এবং সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১(কৃষিপণ্য)/২০০৬-৭৭, তারিখ ফেব্রুয়ারী ০৫, ২০০৬ ও এফইপিডি(রপ্তানি-১)২৯১(কৃষিপণ্য)/২০০৭-২০৮, তারিখ মার্চ ১৮, ২০০৭ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৬) তামাক - ১০%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ১৪, ০৬ ও ০৬, তারিখ যথাক্রমে নভেম্বর ২২, ২০০৩, জুন ০৬, ২০০৫ ও আগষ্ট ১৪, ২০০৬ এবং সার্কুলার পত্র নং ৩০৪, তারিখ ডিসেম্বর ১৮, ২০০৩ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৭) আলু - ১০%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ০১, ০৬ ও ০৬, তারিখ যথাক্রমে জানুয়ারী ২৮, ২০০৪, জুন ০৬, ২০০৫ ও আগষ্ট ১৪, ২০০৬ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৮) বাইসাইকেল - ১৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ২৭, ০৯, ০৬ ও ০৬, তারিখ যথাক্রমে ডিসেম্বর ১২, ২০০২, নভেম্বর ২২, ২০০৪, জুন ০৬, ২০০৫ ও আগষ্ট ১৪, ২০০৬ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৯) হাড়ের গুঁড়া - ১৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ২৫, ০৬ ও ০৬, তারিখ যথাক্রমে ডিসেম্বর ১২, ২০০২, জুন ০৬, ২০০৫ ও আগষ্ট ১৪, ২০০৬ এবং সার্কুলার পত্র নং-৫৩৯, তারিখ জুলাই ১৫, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

১০) পাটজাত পণ্য - ৭.৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ১১, ০৮, ০৬ ও ০৬, তারিখ যথাক্রমে নভেম্বর ১৬, ১৯৯৮, নভেম্বর ০৩, ২০০৪, জুন ০৬, ২০০৫ ও আগষ্ট ১৪, ২০০৬ এবং সার্কুলার পত্র নং ১১, তারিখ জানুয়ারী ০৮, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

১১) পোল্ট্রি শিল্পের হ্যাচিং ডিম এবং মুরগির বাচ্চা (day old chicks) - ১৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ১১ ও ০৬, তারিখ যথাক্রমে জুলাই ১৮, ২০০৫ ও আগষ্ট ১৪, ২০০৬ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

১২) হাঙ্কা প্রকৌশল পণ্য - ১০% । এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ০৩ ও ০৬, তারিখ যথাক্রমে ফেব্রুয়ারী ২৮, ২০০৬ ও আগস্ট ১৪, ২০০৬ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

১৩) ঈশ্বরদী ইপিজেড-এ কৃষি ভিত্তিক শিল্পে বিনিয়োগ আকৃষ্টকরণে লিকুইড গ্লুকোজ - ২০% । এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ১৮, তারিখ ডিসেম্বর ০৮, ২০০৫ এবং সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১(লিকুইড গ্লুকোজ)/২০০৬-১১০, তারিখ ফেব্রুয়ারী ২৩, ২০০৬ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

১৪) হালাল মাংস - ২০% । এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ০৯ তারিখ ডিসেম্বর ০৭, ২০০৬ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার দাবী পরিশোধের বিষয়ে সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১(কৃষিপণ্য)/২০০৬-৪২৮, তারিখ জুলাই ১১, ২০০৬ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করিতে হইবে । সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরনের জন্য অনুরোধ করা যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৫